كيف يرجعون إلى أبيهم পরবর্তী বাক্যকে এর উপর عطف করা যায়।

إنهم فجعوه أمس ... في بنـــيامين এ বক্তব্যটিকে كما ও كيف দ্বারা প্রকাশ করা যায়। (তারপর, এটা যে বিরাট অবিচার, তা বলা যায়, আর علىঅব্যয়যোগে মাযলূমের উল্লেখ করা যায়।)

ولما سمع يعقوب ... বক্তব্যটি عَلِمَ দ্বারা শুরু করা যায়, আর لما এর পরিবর্তে بعد আসতে পারে। আর الإرادة ও الامتحان এর ফেয়েল أنّ এর খবর হতে পারে।

إن لله في ذلك يدا خفية ... আগে তুমি পড়েছো, ما بقي عندهم شك এটি এখানে ব্যবহার করা যায় কি না, আর তার আগে بعد أن যোগ করা যায় কি না দেখো।

٢٢ ـ يظهر الســـر

এখানে বক্তব্যটি এভাবে শুরু হতে পারে, 'এমন সুন্দর চিন্তাভাবনা সত্ত্বেও তাঁর ইউসুফের কথা মনে পড়ে যায়, তারপর কারণ হিসাবে বলা যায় যে, তিনি তোন মানুষ ছিলেন ...।

وكان يعقوب يعلم أن اليأس كفر ...

এখানে ইয়াকূব (আ.) সম্পর্কে যা বলা হয়েছে সেটা আম্বিয়া ও মুমিনগণ সম্পর্কে সাধারণ নিয়ম হিসাবে উল্লেখ করা যায়।

(আল্লাহর রহমত থেকে নিরাশ না হওয়ার বিষয়টি আগে বলে أن এর মাধ্যমে علم এর বিষয়টি বলা যায়।)

ومنعهم من أن يقنطوا ... এখানে قول এর ফেয়েল ব্যবহার করা যায়।

وهنا هاج ... এখানে لما দ্বারা শুরু করা যায়। (لما এর পরবর্তী বিষয়টি কয়েক রকম হতে পারে; যেমন, ১- ভাইদের কথা শেষ হওয়া। ২- ভাইদের হাত পাততে দেখা। ৩- ভাইদের দারিদ্র্য ও দুর্দশা দেখা, ইত্যাদি।)

وكان الإخوة يعلمون أن هذا السر... এখানে বক্তব্যটি এভাবে শুরু হতে পারে যে, ইউসুফুরের কথা থেকে তারা নিশ্চিত ভাবে কী জানলো এবং কীভাবে জানলো?

٢٣ ـ يوسف يرسل إلى يعقوب

মুছান্নিফ এখানে ইউসুফ (আ.)-এর শাওকের বিষয়টি দিয়ে বক্তব্য শুরু করেছেন। ইচ্ছে করলে এভাবে শুরু করা যায়, দীর্ঘ বিচ্ছেদের পর এবং দীর্ঘ ধৈর্যের পর এবং ভেদ প্রকাশ হয়ে যাওয়ার পর ... (তৃতীয় عطف এ উসলূব পরিবর্তন করে أن ব্যবহার করা যায়।)

আর বিচ্ছেদের দিনগুলো যে কঠিন ছিলো এবং ইউসুফ (আ.)-এর পানাহার কিছুই ভালো লাগতো না, এগুলো বলা যায়।

وكان يعقوب قد عمي ... এখানে لما দ্বারা শুরু করা যায়, অর্থাৎ ইউসুফ যখন জানলেন যে, ...

٢٤ ـ يعقوب عند يوسف

ولما سار الرجال ... ইয়াকূব (আ.) কখন ইউসুফ (আ.) এর ঘ্রাণ পেয়েছেন? সময়টা মুছান্নিফ একভাবে বলেছেন। অন্যভাবে বলা যায় قبل শব্দটি ব্যবহার করে।

فلما أن جاء البشير ألقاه على وجهه فارتد بصيرا

লোকেরা কি এ দৃশ্য দেখে অবাক হয়নি? সুতরাং আগে সেটা বয়ান করা যায়। তারপর বলা যায়, কোরআন এটা তার ভাষায় বলেছে ...।

... ولما وصل يعقوب إلى مصر এর আগে ইয়াকুব (আ.)-এর শাওকের কথা বলা যায় যেমন ইউসুফ (আ.) সম্পর্কে বলা হয়েছে। তারপর কান'আন থেকে রওয়ানা হওয়ার এবং ইউসূফ (আ.)-এর ইনতিযারের কথা বলা যায়।

ووقعوا كلهم سجدا ليوسف এখানে বলা যায় যে, এটা ছিলো তা'যীমের সিজদা, আর সেটা তাদের শরী'আতে জায়েয ছিলো।

٢٥ ـ حسن العاقبة

মুছান্নিফ (রহ.) এখানে ইউসুফ (আ.) এর অবস্থা বয়ান করেছেন। ইচ্ছে করলে প্রথমে আল্লাহর নেক বান্দাদের অবস্থা বয়ান করা যায়, তারপর বলা যায় যে, ইউসুফ (আ.) যেহেতু ... তাই ...।

পরিশিষ্ট–৪

তরজমা সম্পর্কে আলোচনা

١ ـ رؤيا عجيبة

وكان يوسف غلاما جميلا، وكان يوسف غلاما ذكيا

বাক্যদু'টির শাব্দিক ও তারকীবানুগ তরজমা তো বোঝাই যায়। বাংলায় সুন্দর তরজমা হবে এই– 'আর ইউসুফ ছিলেন সুদর্শন ও বুদ্ধিমান বালক।

'সুন্দর'-এর পরিবর্তে সুদর্শন শব্দটি নির্বাচন করা হয়েছে। কারণ এখানে বিশেষভাবে দৈহিক সৌন্দর্যের কথা বলাই উদ্দেশ্যে।

পক্ষান্তরে সুন্দর হতে পারে অনেক দিক থেকে, দেহের, চরিত্রের, মনের এবং ...। আর সুদর্শন মানে যা দেখতে সুন্দর। অবশ্য এখানে সুন্দর শব্দটিও চলবে। তরজমায় সংক্ষেপণ করা হয়েছে।

رأى أحد عشر كوكبا و رأى الشمس و القمر، كل يسجد له

তিনি এগারটি তারা দেখলেন এবং সূর্য ও চাঁদ দেখলেন; প্রত্যেকে তাকে সিজদা করছে। (এটি শাব্দিক তরজমা)

কিছুটা সুন্দর তরজমা, *'তিনি দেখলেন, এগারটি তারা এবং চাঁদ ও সূর্য প্রত্যেকে তাকে সিজদা করছে।'*

এখানে একটি فعل কর্তন করা হয়েছে এবং عطف এর বিন্যাস পরিবর্তন করা হয়েছে। (আরবীতে গ্রহণযোগ্য বিন্যাস হলো الشمس و القمر বাংলায় গ্রহণযোগ্য বিন্যাস হলো, চাঁদ ও সূর্য বা চাঁদ-সূর্য।)

আরো সুন্দর তরজমা, *'তিনি দেখেন কী! এগারটি তারা ও চাঁদ-সূর্য সবাই তাকে সিজদা করছে!'*

এখানে বক্তব্যের পরিবেশে বিস্ময় রয়েছে, বাংলা তরজমায় সেটাই শব্দে তুলে আনা হয়েছে।

فسيكون لك شأن কারণ অচিরেই/অবশ্যই তোমার জন্য বিরাট কিছু হবে।

সুন্দর তরজমা, *'অদূর ভবিষ্যতে তোমার জন্য বিরাট সৌভাগ্য রয়েছে।'* অথবা *'অদূর ভবিষ্যতে তুমি বিরাট সৌভাগ্যের অধিকারী হবে।'*

শেষ তরজমায় মূলের তারকীবে পরিবর্তন আনা হয়েছে। তরজমার তারকীব অনুসারে আরবী করলে হবে এরকম–

ستكون صاحب شأن عظيم

ইচ্ছে করলে ستكون এর পরে في المستقبل القريب কথাটি বাড়ানো যায়। এটা হবে س এর তফছীল, বা ব্যাখ্যা।

وقد أنعم الله ... و إنه ينعم عليك এখানে 'অতীতে' এবং 'ভবিষ্যতে' শব্দদু'টি 'বর্ধন' করা যায়।

أنعم الله على جدك (অতীতে আল্লাহ তোমার পূর্বপুরুষ ইসহাক ও ইবরাহীমকে নি'য়মত দান করেছেন।) তরজমায় متعلق এর তরকীবকে مفعول به এর তরকীবে পরিবর্তন করা হয়েছে। এখানে على এর শাব্দিক তরজমা সুন্দর হবে না।

جد এর বাংলা প্রতিশব্দ হলো দাদা, এখানে শব্দ পরিবর্তন করা হয়েছে। এভাবে তরজমা করা যেতে পারে, 'তোমার দাদা ইসহাক ও পরদাদা ইবরাহীমকে...।

٢ _ حسد الإخوة

و كان يوسف له أخ آخر من أمــه، اسمــه بنــيامين

মূলানুগ তরজমা, 'আপন মা থেকে ইউসুফের অন্য এক ভাই ছিলো, তার নাম (যার নাম) বিনয়ামিন।'

من أمــه এর সুন্দর তরজমা হলো, আপন মায়ের গর্ভে ... (এখানে গর্ভ শব্দটি বর্ধন করা হয়েছে, যার আরবী হলো بطن আর من কে في এ পরিবর্তন করা হয়েছে।)

সুন্দরতম তরজমা, *'বিনয়ামিন নামে ইউসুফের একজন সহোদর/ আপন ভাই ছিলো।'*

অভিন্ন উদর বা অভিন্ন মায়ের ক্ষেত্রেও সহোদর বলা যায়, কিন্তু আপন ভাই হওয়ার জন্য অভিন্ন উদর ও অভিন্ন ঔরষ দু'টোরই প্রয়োজন। সে হিসাবে এখানে 'আপন' অধিকতর উপযোগী।

و كان الإخوة يحسدون يوسف و بنيامين و يغضبون و يقولون

'ভাইয়েরা ইউসুফ ও বিনয়ামীনকে হিংসা করতো (বা ইউসুফ ও বিনয়ামীনের প্রতি হিংসা পোষণ করতো।), আর ক্রুদ্ধ হয়ে বলতো' এখানে معطوف عليه কে حال এ রূপান্তরিত করা হয়েছে। এখানে একটি শব্দ বাড়িয়ে তরজমা করা যায়, 'ক্রোধে জ্বলে উঠে বলতো'।

শুধু ভাইয়েরা না বলে সৎ ভাইয়েরা বলা যায়, কারণ বাস্তবে তারা সৎ ভাইই ছিলো। অর্থাৎ সৎ শব্দটি বাড়ানো হয়েছে বাস্তব অবস্থার দিকে লক্ষ্য করে।

وكان يوسف ولدا صغيرا، فحكى الرؤيا لإخوته

প্রথম বাক্যটির উদ্দেশ্য হলো ইউসুফ (আ.)-এর পক্ষে কৈফিয়ত পেশ করা, অর্থাৎ পিতার উপদেশ ভুলে যাওয়াটা তার দোষ ছিলো না, বরং অল্পবয়স্কতার স্বাভাবিক পরিণতি ছিলো। এই কৈফিয়তের ভাবটি তুলে ধরার জন্য তরজমায় একটি শব্দ বাড়িয়ে বলতে হবে, 'ইউসুফ তো ছিলেন ছোট্ট ছেলে, তাই তিনি স্বপ্নের কথা ভাইদের বলে দিলেন।

শব্দানুগ তরজমা হলো, তাই তিনি স্বপ্নটি ভাইদের কাছে বর্ণনা করলেন, কিন্তু এ তরজমা সুন্দর নয়, কারণ তাতে ঘটনার আসল অবস্থাটি ফুটে ওঠে না। 'বলে দিলেন' দ্বারা দুর্ঘটনার ভাব এবং বড় একটা ক্ষতি হয়ে যাওয়ার ভাব উঠে আসে, আর সেটাই ছিলো প্রকৃত অবস্থা।

'কথা' শব্দটি যোগ করায় তরজমাটি সুন্দর হয়েছে।

و غضب الإخوة جدا لما سمعوا الرؤيا، و اشتد حسدهم

শাব্দিক ও মূলানুগ তরজমা, 'ভাইয়েরা খুবই ক্রুদ্ধ হলো, যখন তারা স্বপ্নটি শুনলো, আর তাদের হিংসা ভীষণ হলো।

(ভয়ঙ্কর হলো/ ভয়ঙ্কর বা ভীষণ আকার ধারণ করলো, এরূপ তরজমাও হতে পারে। এখানে মূলের চেয়ে অতিরিক্ত ভাব রয়েছে।)

মূল তরকীব থেকে সরে এসে সুন্দর তরজমা হতে পারে এরকম, 'স্বপ্নের কথা শুনে ভাইয়েরা খুব ক্রুদ্ধ হলো এবং তাদের হিংসা ভয়ঙ্কর/ভীষণ আকার ধারণ করলো।'

মূল তরকীব থেকে আরো দূরে সরে এসে আরো সুন্দর তরজমা হতে পারে, 'স্বপ্নের কথা শুনে ভাইয়েরা ক্রোধে, হিংসায় জ্বলে উঠলো।'

এখানে ক্রোধ ও হিংসাকে তামীয করা হয়েছে, আর নতুন একটি ক্রিয়া আনা হয়েছে, যাতে اشتداد এর চূড়ান্ত রূপ প্রকাশ পেয়েছে। তাই حدا এর আলাদা তরজমার আর প্রয়োজন নেই।

তরজমার তরকীব অনুসারে আরবী হতে পারে–

و اشتعل/ احترق الإخوة غضبا و حسدا لما سمعوا الرؤيا

'জ্বলে উঠলো'-এর পরিবর্তে বলা যায়, 'ফেটে পড়লো'।

٣ ـ وفد إلى يعقوب

وكان يعقوب يخاف على يوسف كثيرا، وكان يعرف أن الإخوة يحسدونه و لايحبونه

প্রথম অংশের সুন্দর তরজমা হলো, 'ইয়াকুব ইউসুফকে নিয়ে খুব ভয়ে ভয়ে থাকতেন।' (কিংবা খুব শঙ্কিত/উৎকণ্ঠিত থাকতেন। কিংবা খুব শঙ্কা ও উৎকণ্ঠার মধ্যে থাকতেন।)

পরবর্তী অংশটি হলো হেতুবাচক। অর্থাৎ সেখানে শঙ্কা ও উৎকণ্ঠার কারণ বলা হয়েছে। সুতরাং বাক্যের শুরুতে 'কারণ' শব্দটি যোগ করতে হবে। মূলানুগ তরজমা হবে এই, 'কারণ তিনি জানতেন যে, ভাইয়েরা তাকে হিংসা করে, ভালোবাসে না। (এখানে حرف العطف এর তরজমা কেন বাদ গেলো চিন্তা করো।)

হিংসা যখন করে তখন তো ভালোবাসার প্রশ্নই আসে না, তবু কেন لا يحبونه বলা হলো? يحسدونه কে জোরালো করার জন্য। সুতরাং لايحبونه এর পরিবর্তে শুধু একটি শব্দ বাড়িয়ে তরজমা করা যায়, 'ভাইয়েরা তাকে ভীষণ হিংসা করতো'।

আবার অগ্র-পশ্চাৎ করে বলা যায়, 'ভাইয়েরা তাকে ভালো তো বাসতোই না, বরং/ উল্টো হিংসা করতো'।

قالوا: يا أبانا! لماذا لا ترسل معنا يوسف؟ ماذا تخاف؟

শাব্দিক তরজমা, 'তারা বললো, হে (আমাদের) আব্বা, কেন আপনি ইউসুফকে আমাদের সঙ্গে পাঠান না? আপনি কিসের ভয় করেন? ('কী ভয় করেন', এটাও হতে পারে।)
'পাঠান না'-এর পরিবর্তে 'পাঠাতে চান না' আরো ভালো। এসব ক্ষেত্রে হরফে নিদা-এর তরজমা সাধারণত করা হয় না।
সুন্দর তরজমা হলো, 'আব্বা/বাবা! কেন আপনি ইউসুফকে আমাদের সঙ্গে পাঠাতে চান না? আপনার কিসের ভয়?
('পাঠাতে চান না'-এর পরিবর্তে 'দিতে চান না' হতে পারে।)
দু'টি প্রশ্নকে এক করে বলা যায়, 'ইউসুফকে আমাদের সঙ্গে দিতে/পাঠাতে আপনার কিসের এত ভয়?'
(যেহেতু দু'টি প্রশ্নের বিকল্পরূপে একটি প্রশ্ন এসেছে সেহেতু 'এত' শব্দটি বাড়িয়ে প্রশ্নটিকে একটু জোরদার করা হয়েছে।)

هو أخونا العزيز، و أخونا الصغير، و نحن أبناء أب واحد

সুন্দর তরজমা হলো, 'সে তো আমাদের আদরের ছোট্ট ভাই! আমরা তো একই বাবার সন্তান!
তরজমায় দু'টি স্থানে শব্দপরিবর্তন ঘটেছে, তুমি তা চিহ্নিত করো।
তরজমায় কীভাবে সংক্ষেপণ করা হয়েছে বলো।
'আদরের ছোট্ট ভাই' এখানে 'আদর' হচ্ছে مضاف إليه আর 'ছোট্ট' হচ্ছে صفة পক্ষান্তরে 'আমাদের প্রিয় ছোট্ট ভাই' এখানে প্রিয় ও ছোট্ট দু'টোই হচ্ছে صفة

فلماذا لا نذهب نحن و لا نلعب جميعا؟

এখানে দু'টি বাক্যকে একত্র করে তরজমা করলে সুন্দর হবে; যেমন– 'তাহলে আমরা সবাই কেন একসঙ্গে খেলতে যাবো না?
এখানে 'একসঙ্গে' অংশটি বর্ধন করা হয়েছে এবং বর্ধন করার প্রেরণাটি এসেছে نحن থেকে।

وأذن يعقوب ليوسف এখানে ليوسف অংশটির তরজমা না
চলে। (তাতে ইউসুফকে সঙ্গে যাওয়ার, বা ইউসুফকে স
অনুমতি দু'টোই বোঝা যাবে।)
বাস্তবে, অনুমতিটি ছিলো অনিচ্ছা সত্ত্বে। তরজমায় সেটা
যায় এভাবে, *'অবশেষে ইয়াকূবকে অনুমতি দিতেই হলো'*।

٤ ــ إلى الغابــة

و فرح الإخوة كثيرا لما أذن يعقوب ليوسف

'এয়াকূব (আ.) যখন ইউসুফকে অনুমতি দিলেন তখন ভ
খুব খশী হলো।' (এটি মোটামুটি মূলানুগ তরজমা; শুধু تقديم ও
হয়েছে।)
মূলের তারকীব থেকে সরে এসে সুন্দর তরজমা করা যায়
'ইয়াকূব (আ.)-এর অনুমতি পেয়ে ভাইয়েরা খুব খুশী হলে
আসলে ভাইয়েরা ধারণা করেনি যে, এত সহজে অনুমতি
যাবে। তাই সংযোজনমূলক তরজমা করা যায় এভাবে, 'এ
অনুমতি পেয়ে ভাইয়েরা উল্লসিত হলো'। (এখানে كثيرا এর
তরজমাটি কীভাবে এসেছে, তুমি ভেবে দেখো।)
কার অনুমতি এবং কিসের অনুমতি তা তো পূর্ববর্তী আলো
থেকেই বোঝাই যায়, তাই দু'টো নামই তরজমায় ছেড়ে দে
হয়েছে।
খুশির আধিক্য বোঝানোর জন্য 'আনন্দে/খুশিতে নেচে উঠে
তরজমা করা যায়, কিন্তু দৃশ্যটি নবী-সন্তানদের উপযোগী ন
তা গ্রহণযোগ্য হবে না।

وكانت البئــر عميــقة وكانت البئــر مظلــمة

বাক্যদু'টির সংক্ষিপ্ত তরজমা বলো এবং সেই হিসাবে আরবী
বলো।

একটি সুন্দর তরজমা হতে পারে এই, 'আর কুয়াটি যেমন ছিলো গভীর তেমনি ছিলো অন্ধকার'। তরজমাটির তরকীব অনুসারে আরবী হতে পারে وكانت البئر عميقة كما كانت مظلمة

وكان يوسف وحيدا

সাদামাটা তরজমা হলো, 'আর ইউসুফ ছিলেন একা/ নিঃসঙ্গ'। যদি পূর্ববর্তী বাক্য থেকে ভাব গ্রহণ করে তরজমা করি, 'সেই গভীর অন্ধকার কূপে ইউসুফ ছিলেন একা, নিঃসঙ্গ' তাহলে তরজমাটি খুব আবেদনপূর্ণ হয়।

আর যদি وكان يوسف ولد صغيرا এর দিকে লক্ষ্য করে বলি, 'সেই গভীর অন্ধকার কূপে ছোট্ট ইউসুফ... তাহলে আরো সুন্দর হয়।

একই ভাবে যদি وكان قلبه صغيرا এর দিকে লক্ষ্য করে বলি, 'ছোট্ট হৃদয়ের ছোট্ট ইউসুফ ছিলেন একা নিঃসঙ্গ' তাহলে তরজমার আবেদন ও সৌন্দর্য অনেক বেড়ে যায়। তখন অবশ্য উপরের ঐ বাক্যদু'টির তরজমা বাদ দিতে হবে।

وفرح الإخوة جدا و قالوا : الآن يصدق أبونا

সাধারণ তরজমা, *'ভাইয়েরা খুব খশী হয়ে বললো, এখন আব্বা (আমাদের কথা) বিশ্বাস করবেন'।*

খুশির আধিক্য বোঝানোর জন্য বলা যায়, 'খুশিতে আটখানা হয়ে বললো'।

'এখন আব্বাকে আমাদের কথা বিশ্বাস করতে হবে (বা মানতেই হবে।)' এ তরজমাটি বেশী সুন্দর এজন্য যে, এখানে তাদের খুশি যেন উপচে পড়ছে!

٥ _ أمام يعقوب

دم كذب এর তরজমা হতে পারে 'মিথ্যা রক্ত' বা 'নকল রক্ত'। ('জাল রক্ত' তত সুন্দর নয়।)

و جاؤوا على قميصه بدم كذب

যদি একটি শব্দ বাড়িয়ে তরজমা করি, 'আর তারা ইউসুফের জামায় নকল রক্ত মেখে আনলো' তাহলে খুব সুন্দর হয়।

وقالوا : هذا دم يوسف আর বললো, এটা ইউসুফের রক্ত। (বা, 'এই যে ইউসুফের রক্ত!' অর্থবা 'এই যে দেখুন, ইউসুফের রক্ত!' এতে নিজেদের সত্যবাদিতার উপর জোর প্রকাশ পায়, আর সেটাই তো এখানে উদ্দেশ্য। সুতরাং এটি অধিক গ্রহণযোগ্য তরজমা।)

যদি আগের অংশটি কোরআনের আয়াত না হতো তাহলে একত্রে মিলিয়ে তরজমা করা যেতো, 'আর তারা ইউসুফের জামায় নকল রক্ত মেখে এনে বললো, এই যে দেখুন, ইউসুফের রক্ত। কিন্তু আয়াতের তরজমাটি আলাদা রাখা হচ্ছে আদবের দাবী।

وكان يعقوب يعرف أن الذئب إذا أكل إنسانا جرحه و شق قميصه،

وكان قميص يوسف سالما و كان مصبوغا في الدم

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, 'আর ইয়াকূব (আ.) জানতেন যে, নেকড়ে যখন কোন মানুষকে খায় তখন তাকে জখম করে এবং তার জামা ছিঁড়ে ফেলে; অথচ ইউসুফের জামা ছিলো অক্ষত এবং তা ছিলো রক্তে রঞ্জিত।

মূল থেকে দূরবর্তী সুন্দর তরজমা, 'ইয়াকূব (আ.) এতটুকু তো অবশ্যই জানতেন যে, নেকড়ে যখন কারো উপর ঝাঁপিয়ে পড়ে তখন তার জামা ছিন্নভিন্ন হয়ে যায়, অথচ এখানে ইউসুফের জামা ছিলো অক্ষত, আবার রক্তে রঞ্জিত!'

ছেলেরা যে তাদের এত বড় জ্ঞানী বাবাকে এত সহজে বোকা বানাতে চেয়েছিলো সেদিকে কটাক্ষ করার জন্য 'এতটুকু তো অবশ্যই' (জানতেন) বাড়িয়ে তরজমা করা হয়েছে।

এখানে আরবীতে যদিও أكل আছে, কিন্তু বাংলায় হিংস্র প্রাণীর জন্য সবচে' পরিচিত শব্দ হলো ঝাঁপিয়ে পড়া, বা হামলা করা।

এখানে جرحه মূল লক্ষ্যবস্তু নয়, তাছাড়া 'ঝাঁপিয়ে পড়া' বলার পর এ অংশটির তরজমার প্রয়োজনীয়তা কমে যায়, তাই তা বাদ দেয়া হয়েছে। এখানে মূল লক্ষবস্তু হলো شق قميصه তাই শুধু এ অংশটির তরজমা করা হয়েছে।

شق মানে ছিঁড়ে ফেলেছে। এক্ষেত্রে এটি লঘু ও হালকা শব্দ। তাই তরজমা করা হয়েছে ছিন্নভিন্ন হয়ে যায় (বা ছিন্নভিন্ন করে ফেলে।) এর আরবী প্রতিশব্দ হলো مزق

ইচ্ছে করলে جرحه এর তরজমাটা এভাবে আসতে পারে, 'তখন তার শরীর ও জামা ছিন্নভিন্ন করে ফেলে'।

প্রথমে একটি সাধারণ নিয়ম বলা হয়েছে, তারপর নির্দিষ্ট ঘটনার কথা বলা হয়েছে; 'এখানে' শব্দটি সেজন্যই এসেছে।

وكان قميص يوسف سالما، وكان مصبوغا في الدم

এখানে দ্বিতীয় অংশটিকে قميص এর ছিফাত বানিয়ে তরজমা করা যায়, 'অথচ ইউসুফের রক্তমাখা/রক্তভেজা জামা ছিলো একেবারে অক্ষত'!

هذه قصة وضعتموها 'এটা তোমাদের মনগড়া/ বানানো গল্প।' এখানে তরজমায় কী ধরনের পরিবর্তন করা হয়েছে বলো।

٦ ـ يوسف في البئـــر

و رجع الإخوة إلى البيت و تركوا يوسف في البئر، و أكل الإخوة الطعام و ناموا على الفراش

সাধারণ তরজমা, 'ইউসুফকে কুয়ায় ফেলে ভাইয়েরা বাড়ী ফিরে এলো এবং খাবার খেয়ে বিছানায় ঘুমিয়ে পড়লো।' ('ইউসুফের কথা তাদের মনেও পড়লো না।' এ অংশটি এখানে যোগ করা যেতে পারে।)

এ তরজমার ত্রুটি এই যে, খাবার শব্দটি এখানে অপ্রয়োজনীয়, তার চেয়ে যদি বলি, 'খেয়ে দেয়ে' তাহলে ভালো হয়; কারণ তাতে তাদের ফুর্তির দিকটা ভেসে ওঠে। একই ভাবে, বিছানার উল্লেখ এখানে অনর্থক, তার চেয়ে বলা ভালো, আরামসে/ নিশ্চিন্তে ঘুমিয়ে পড়লো।

আরো বড় ত্রুটি এই যে, ইউসুফকে কুয়ায় ফেলে বাড়ীতে ফিরে আসার কথা আগেই বলা হয়েছে। সুতরাং আগের কথা পুনরুক্ত না করে নতুন কিছু বলা ভালো; যেমন, ভাইয়েরা ইয়াকুব (আ.)–কে মনগড়া কাহিনী শুনিয়ে খেয়ে দেয়ে আরামসে ঘুমিয়ে পড়লো।

و يوسف في البئر، و لا فراش و لا طعام

কুয়ার মধ্যে খাবার ও বিছানা ছিলো কি ছিলো না, এ প্রশ্ন বেমানান। সুতরাং সুন্দর তরজমা হবে এমন, *'ওদিকে ইউসুফ কুয়ায় পড়ে ছিলেন। না তাঁর চোখে ঘুম ছিলো, না তাঁর মনে শান্তি ছিলো। ছিলো শুধু যন্ত্রণা, আর চোখের পানি।'*

و نسي الإخوان يوسف و ناموا و ما نام يوسف و ما نسي أحدا

نوم এর প্রসঙ্গ যেহেতু আগে এসেছে সেহেতু এখানে তার তরজমা করার দরকার নেই। এখানে শুধু نسيان এর বিষয়টি তরজমা করতে হবে; যেমন, 'ভাইয়েরা ইউসুফকে ভুলেই গিয়েছিলো, কিন্তু ইউসুফ কাউকে ভুলেন নি; (না বাবাকে, না ভাইদেরকে, এ অংশটি যুক্ত করা ভালো হবে।)

٧ ــ من البئر إلى القصر

جماعة এর শাব্দিক অর্থ একত্র কিছু লোক, বা দল। এখানে তরজমা হতে পারে 'কাফেলা'।

وكانت جماعة تسافر في هذه الغابة শাব্দিক তরজমা, 'একটি দল এই বনে সফর/ভ্রমণ করছিলো।' (এ তরজমা এজন্য গ্রহণযোগ্য নয় যে, আসলে তারা বনে সফর বা ভ্রমণ করছিলো না, বনটা শুধু

তাদের চলার পথে পড়েছিলো; অথচ তরজমা থেকে মনে হয়, বনটাই ছিলো তাদের সফরের স্থান।)
সুন্দর তরজমা, 'একদল যাত্রী/যাত্রিদের একটি দল/একদল মুসাফির/ মুসাফিরদের একটি দল/ এক কাফেলা এই বনের পথ দিয়ে/ বনের মধ্য দিয়ে (কোথাও) যাচ্ছিলো।

و عطشوا في الطريق و بحثوا عن بئر

প্রথমে এর সাধারণ তরজমাটি করো, তারপর বলো, সুন্দর তরজমাটি করার জন্য বাংলায় কী তরকীব গ্রহণ করতে হবে?
(এখানে তালাশ, সন্ধান, খোঁজ, এই তিনটি শব্দ হতে পারে। তবে কূপের সঙ্গে সন্ধান এবং কুয়ার সঙ্গে তালাশ ও খোঁজ হচ্ছে উপযুক্ত শব্দ।)
ورأوا بئرا আগের বাক্যটির ভাব ধারণ করে বলা যায়, 'অনেক সন্ধানের পর/ অনেক খোঁজাখুঁজির পর তারা একটি কুয়া দেখতে পেলো।
এই বাড়তি অংশটুকু যদি যুক্ত না করা হয় তাহলে পরবর্তী বাক্যের সঙ্গে মিলিয়ে তরজমা করা যায়, 'এবং একটি কুয়া দেখতে পেয়ে পানির জন্য একজনকে সেখানে পাঠালো।' (পানি আনার জন্য বলার প্রয়োজন নেই, তবে বলার অবকাশ আছে। কিন্তু 'তাদের জন্য' বলাটা হবে অনর্থক, কারণ অন্য কারো জন্য পানি আনার প্রশ্নই আসে না। প্রশ্ন হলো তাহলে আরবীতে لهم বলা হলো কেন? উত্তর এই যে, আরবী ভাষায় যামীরের ব্যবহার অনেক বেশী।)

و نزع الدلو فإذا الدلو ثقيلة، و أخرجها، فإذا في الدلو غلام

'সে বালতি টেনে উঠালো, তখন দেখে কী! বালতিটা বেশ ভারী! তারপর বালতিটি বের করে আনলো, তখন দেখে কী! তাতে উঠে এসেছে এক জ্যান্ত বালক!
বাস্তবেই বালতিটা অনেক ভারী হওয়ার কথা। তাই বাস্তব অবস্থা হিসাবে 'বেশ' শব্দটি যুক্ত করা হয়েছে।

আরবী তরকীব হিসাবে في الدلو অংশটি موجود এই উহ্য شبه الفعل এর সঙ্গে متعلق হয়েছে, সেটারই তরজমা করা হয়েছে 'তাতে উঠে এসেছে', শাব্দিক তরজমা হবে, 'তাতে রয়েছে'।

বাস্তবে তো বালকটি জীবিত ছিলো, সুতরাং غلام দ্বারা লেখকের উদ্দেশ্য হচ্ছে غلام حي সেজন্য 'জীবিত বালক' তরজমা করা যায়, তবে বিস্ময়ের চূড়ান্ত প্রকাশের জন্য 'জ্যান্ত' বলা হয়েছে। জীবিত ও জ্যান্ত সমার্থক হলেও ব্যবহারে ও প্রয়োগে পার্থক্য রয়েছে। আরবীতেও এরকম সমার্থক শব্দের ব্যবহারে পার্থক রয়েছে।

٨ ـ الوفـــاء و الأمـــانة

كلا! أنا لا أخون سيدي، إنه أحسن إلي

কিছুতেই না, আমি আমার মনিবের প্রতি বিশ্বাসঘাতকতা করবো না। (বক্তব্যকে জোরালো করার জন্য বলা যায়, 'করতে পারি না') তিনি তো আমার প্রতি সদাচার করেছেন। (এখানে 'তো' হচ্ছে তাকীদের তরজমা, তবে বাক্যটি যেহেতু হেতুবাচক সেহেতু তরজমা করা যায়, 'কারণ, তিনি তো আমার প্রতি...।

و عرف العزيز أن المرأة كاذبة

প্রশাসক বুঝলেন (বা বুঝতে পারলেন) যে, স্ত্রীলোকটি মিথ্যাবাদিনী। স্ত্রীলোকটির মিথ্যাবাদিতা তো ছিলো দিবালোকের মত সুস্পষ্ট! সেই ভাবটা তুলে ধরার জন্য তরজমা করা যায়, 'কিন্তু প্রশাসকের বুঝতে বাকি ছিলো না যে, তার স্ত্রী মিথ্যাবাদিনী।

المرأة এর ال হচ্ছে مضاف إليه এর স্থলবর্তী। সুতরাং মূলরূপটি হলো أن امرأته كاذبة তো এখানে মূলরূপের ভিত্তিতে তরজমা করা হয়েছে। শব্দানুগ তরজমা হবে, তার মহিলাটি বা তার মেয়েলোকটি, কিন্তু এটা গ্রহণযোগ্য নয়, তাই তরজমায় শব্দ পরিবর্তন করে 'তার স্ত্রী' বলা হয়েছে।

٩ ـ موعظة السجن

وأحب أهل السجن يوسف و أكرموه، و فرح الناس بيوسف و عظموه

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা হলো, 'আর কারাগারের লোকেরা ইউসুফকে ভালোবাসলো এবং সম্মান করলো, আর লোকেরা তাকে পেয়ে আনন্দিত হলো এবং তাকে ভক্তি করলো।'

সুন্দর তরজমা হলো, 'তাই কারাগারের লোকেরা তাকে পেয়ে খুশী হলো এবং তার প্রতি ভক্তি-ভালোবাসা নিবেদন করলো।'

এখানে অবশ্য إكرام এর তরজমা বাদ গেছে; ইচ্ছে করলে বলা যায়, 'তার প্রতি সম্মান ও ভক্তি-ভালোবাসা নিবেদন করলো।

أهل السجن ও الناس যেহেতু অভিন্ন সেহেতু الناس এর তরজমা বাদ দেয়া হয়েছে।

এখানে চারটি فعل ছিলো; যথা, أحب، أكرم، فرح ও عظم বাংলায় তরতীবটি যেভাবে সুন্দর হয় সেভাবে করা হয়েছে। তাছাড়া শুধু فرح এর তরজমা ক্রিয়া দ্বারা করা হয়েছে। বাকি তিনটি فعل থেকে مادهকে বের করে এনে 'নিবেদন করলো' এই فعل এর مفعول به বানানো হয়েছে। এত কিছু কেন করা হয়েছে? তরজমাটি যেন সুন্দর হয়।

وكان يوسف يرى كل ذلك و يضحك، وكان يوسف يعلم كل ذلك و يبكي

সাধারণ তরজমা, 'ইউসুফ এসব দেখতেন আর হাসতেন, এসব জানতেন আর কাঁদতেন।' সম্ভবত এটাই সবচে' সুন্দর শাব্দিক তরজমা।

এটিকে আরো সুন্দর করতে হলে শব্দপরিবর্তন যেমন করতে হবে তেমনি মূল তরকীবেও ব্যাপক পরিবর্তন আনতে হবে; যেমন, 'এসব দেখেশুনে ইউসুফ কখনো হাসতেন, কখনো কাঁদতেন।'

আরেকটি তরজমা, 'এসব দেখেশুনে ইউসুফের কখনো পেতো হাসি, কখনো পেতো কান্না।'

١٠ ـ حكمة يوسف

قال يوسف في نفسه : إن الحاجة ساقت الرجلين إلي

শাব্দিক ও তরকীবানুগ তরজমা হলো, 'ইউসুফ মনে মনে বললেন, নিঃসন্দেহে প্রয়োজন লোকদু'টিকে আমার কাছে টেনে এনেছে।' এ তরজমা যথেষ্ট গ্রহণযোগ্য, তবে মূল থেকে সরে এলে তরজমাটি আরো সুন্দর হতে পারে; যেমন, 'ইউসুফ মনে মনে ভাবলেন, লোকদু'টি তো প্রয়োজনের তাড়নায় আমার কাছে এসেছে।'

ولكن يوسف لم يسرع، ولكن يوسف لم يستعجل

এখানে দু'টি فعل ই সমার্থক, উদ্দেশ্য হচ্ছে বক্তব্যকে জোরালো করা, অর্থাৎ তাড়াহুড়া না করার বিষয়টি পাঠকের মনে বদ্ধমূল করে দেয়া। বাংলায় যদি মূলানুগ তরজমা করি তাহলে তা সুন্দর হবে না। তাই তরজমা করা হয়েছে, 'কিন্তু ইউসুফ (আ.) মোটেই তাড়াহুড়া করলেন না।' আরেকটি তরজমা হতে পারে, 'কিন্তু ইউসুফ আ. কোনরকম তাড়াহুড়া বা ব্যতিব্যস্ততা দেখালেন না।' بل قال لهما বরং ধীরেসুস্থে তাদের বললেন। (এখানে 'ধীরেসুস্থে' এই ভাবটুকু আগের বক্তব্য থেকে আহরণ করা হয়েছে। এতে কথাটি পূর্ণাঙ্গ মনে হয়। যদি বলি, 'বরং তাদের বললেন' তাহলে মনে হয় কথাটা অসম্পূর্ণ রয়ে গেলো।

١١ ـ موعظة التوحيد

تقولون رب البر و رب البحر و رب الرزق و رب المطر، و نحن نقول الله رب العلمين . " أ أرباب متفرقون خير أم الله الواحد القهار

সুন্দর তরজমা, 'এই যে তোমরা বলো; জলের দেবতা, স্থলের দেবতা, খাদ্যের দেবতা, বৃষ্টির/মেঘের দেবতা; আর আমরা বলি, রাব্বুল আলামীন আল্লাহ; তো বলো দেখি, ভিন্ন ভিন্ন দেবতা উত্তম, নাকি মহাপরাক্রমশালী এক আল্লাহ!

আরবীতে বলা হয় البر و البحر যার শাব্দিক তরজমা হলো স্থল ও সমুদ্র, কিন্তু বাংলায় সমুদ্রের পরিবর্তে এক্ষেত্রে 'জল' শব্দটি ব্যবহার করা হয়, আর জল হচ্ছে সহজ শব্দ, পক্ষান্তরে স্থল হচ্ছে কঠিন শব্দ। বাংলায় সাধারণভাবে সহজ শব্দ এবং ছোট শব্দ আগে আসে, আর কঠিন শব্দ এবং বড় শব্দ পরে আসে। এজন্য বাংলা তরজমায় আগে এসেছে 'জলের দেবতা', পরে এসেছে 'স্থলের দেবতা'।

تقولون এর শাব্দিক অর্থ, 'তোমরা বলো', কিন্তু 'এই যে তোমরা বলো', এটাতে প্রত্যাখ্যানের ভাব প্রচ্ছন্ন রয়েছে, যা এ স্থানের উপযোগী। 'আচ্ছা বলো দেখি' এ অংশটুকু যুক্ত না হলে কথাটা পূর্ণাঙ্গতা পায় না।

وكيف رب البر و رب البحر و رب الرزق و رب المطر

এখানে সুন্দর তরজমা হবে এরকম, 'কোত্থেকে এলো এসব জল-স্থল ও খাদ্য-বৃষ্টির দেবতা? ('এসব' দ্বারা তাচ্ছিল্য প্রকাশ করা হয়েছে।) জল-স্থল এর একত্র ব্যবহার আছে, পক্ষান্তরে খাদ্য ও বৃষ্টির একত্র ব্যবহার নেই, তবে পরস্পরের সঙ্গে গভীর সম্পর্ক রয়েছে। তাই জোড়ারূপে ব্যবহৃত হয়েছে। এভাবে তিনটি عطف একটিতে নেমে এসেছে। 'দেবতা'-এর চারবার উচ্চারণ শ্রুতিকটু হতো। তাই চার থেকে একে নামিয়ে আনা হয়েছে। এই সংক্ষিপ্ত তরজমাটিকে তরকীবানুগ তরজমার সঙ্গে তুলনা করলে এর সৌন্দর্য বোঝা যাবে।

أسماء سميتوها أنتم و آباؤكم

এখানে একটি মুবতাদা উহ্য রয়েছে সেটা সহ শাব্দিক তরজমা হলো, 'এগুলো এমন কিছু নাম যা তোমরা এবং তোমাদের পূর্বপুরুষেরা রেখেছো।'

সুন্দর তরজমা হলো, 'এগুলো তো তোমাদের এবং তোমাদের পূর্বপুরুষদের রেখে দেয়া কিছু নামমাত্র।'
অথবা 'এগুলো তো তোমাদের এবং পূর্বপুরুষদের কাল্পনিক কিছু নামমাত্র।'
নাম আছে, বস্তু নেই; সেটাকেই বলে কাল্পনিক। মুশরিকদের দেবতারাও কাল্পনিক, নাম আছে, বস্তু নেই। তাই এ তরজমা করা হয়েছে।

١٢ ـ تأويل الرؤيـــا

و لما فرغ يوسف من موعظتـــه أخبرهما بتأويل الرؤيا

শাব্দিক তরজমা, 'ইউসুফ (আ.) যখন উপদেশ থেকে অবসর হলেন তখন তিনি তাদেরকে স্বপ্নের ব্যাখ্যা সম্পর্কে অবহিত করলেন।'
এ তরজমা গ্রহণযোগ্য। (তবে শেষের অংশটি সংক্ষিপ্ত হতে পারে এভাবে, '... তখন তিনি তাদের স্বপ্নের ব্যাখ্যা বলে দিলেন'।) তাতে তরজমাটি সুন্দর হয়।
আরো সুন্দর তরজমা, 'যখন উপদেশ-আলোচনা শেষ হলো তখন ইউসুফ (আ.) স্বপ্নের ব্যাখ্যা তাদের বলে দিলেন। (অথবা, তখন ইউসুফ আ. স্বপ্নের ব্যাখ্যা বললেন।)
ইউসুফ আ. তো স্বপ্নের ব্যাখ্যা বলার ওয়াদা করেছিলেন, সেজন্য এটা যুক্ত করে তরজমা করা যেতে পারে, 'তখন তিনি ওয়াদা/প্রতিশ্রুতি অনুযায়ী স্বপ্নের ব্যাখ্যা বলে দিলেন'।

و نسي الساقي أن يذكر يوسف عند الملك، و أقام يوسف في السجن

পাঠকের হয়ত আশা ছিলো যে, সাকী বাদশাহর কাছে ইউসুফের কথা বলবে, কিন্তু ঘটনা হয়েছে বিপরীত, এজন্য তরজমার শুরুটা 'কিন্তু' দিয়ে করতে হবে।

ছোটদের লেখায় عند الملك এর তরজমা 'রাজার কাছে, বা বাদশাহর কাছে' হতে পারে, তবে উপযুক্ত শব্দ হলো রাজসমীপে, বা বাদশাহর খিদমতে।

কারাগারে ইউসুফের দীর্ঘ অবস্থান ছিলো সাকীর ভুলে যাওয়ার ফল। এজন্য দ্বিতীয় বাক্যের তরজমার শুরুতে 'তাই' যোগ করা ভালো। (অবশ্য 'আর'ও হতে পারে।)

কারাগারে অবস্থানটা ছিলো অনিচ্ছামূলক; যদি বলি 'কারাগারে অবস্থান করলেন' তাহলে সেটা প্রকাশ পায় না। এবার তরজমাটি চিন্তা করে দেখ–

'কিন্তু সাকী বাদশাহর কাছে ইউসুফের কথা বলতে ভুলে গেলো। তাই অনেক দিন তাকে কারাগারে থাকতে হলো।'

١٣ ـ رؤيا الملك

كان يوسف جوادا كريما مشفقا على خلق الله، فأخبره بالتأويل .

সাধারণ তরজমা, 'ইউসুফ (আ.) ছিলেন বদান্য, মহানুভব এবং আল্লাহর বান্দাদের প্রতি স্নেহশীল। তাই তিনি তাকে (স্বপ্নের) ব্যাখ্যা সম্পর্কে অবহিত করলেন।'

مشفقا على خلق الله এ অংশটির তরজমা আলাদা বাক্যে করা ভালো; যেমন, 'ইউসুফ ছিলেন যেমনই বদান্য তেমনি মহানুভব। আল্লাহর বান্দাদের প্রতি ছিলো তাঁর অপরিসীম স্নেহ। তাই খুশিমনেই তিনি তাকে স্বপ্নের ব্যাখ্যা বলে দিলেন।'

و يطول هذا القحط إلى سبع سنين

সাধারণ তরজমা, 'এ দুর্ভিক্ষ সাত বছর পর্যন্ত দীর্ঘ হবে।'

সুন্দর তরজমা, 'এ দুর্ভিক্ষ সাতবছর স্থায়ী হবে।' এ তরজমার দিকে লক্ষ্য করে আরবী করলে এরকম হবে–

و يبقى هذا القحط سبع سنين

و بعد ذلك يأتي النصر و يخصب الناس

এখানে النصر এর তরজমায় مضاف إليه উল্লেখ করা অপরিহার্য;

যেমন, 'তারপর আসবে আল্লাহর সাহায্য, তখন মানুষ সচ্ছল হবে (সচ্ছলতা লাভ করবে/সচ্ছলতার মুখ দেখবে।)

١٤ ـ الملك يرسل إلى يعقوب

و لما سمع الملك هذا التأويل و التدبير فرح جدا

সাধারণ তরজমা, বাদশাহ যখন এই ব্যাখ্যা ও ব্যবস্থা শুনলেন তখন খুব খশী হলেন।

সুন্দর তরজমা, স্বপ্নের এই ব্যাখ্যা ও ব্যবস্থার কথা শুনে বাদশাহ অত্যন্ত সন্তুষ্ট/প্রফুল্ল হলেন।

و قال : من صاحب هذا التأويل؟ من هذا الرجل الكريم الذي نصح لنا و دل على التدبير

সাধারণ তরজমা, 'এবং বললেন, কে এই ব্যাখ্যার অধিকারী? কে এই মহৎ ব্যক্তি যিনি আমাদের প্রতি হিতাকাঙ্ক্ষা করেছেন এবং ব্যবস্থা বাৎলে দিয়েছেন?

সুন্দর তরজমা, *'স্বপ্নের এমন সুন্দর ব্যাখ্যাকারী কে ইনি? কে এই মহৎ ব্যক্তি যিনি আমাদের হিতকামনা করে এমন সুন্দর ব্যবস্থা দিয়েছেন।'*

দু'টো প্রশ্নকে এক করে তরজমা করা যায়; যেমন, *'কে এই মহান ব্যক্তি, যিনি আমাদের কল্যাণকামী হয়ে এমন সুন্দর ব্যাখ্যা ও ব্যবস্থা দিয়েছেন?'*

١٥ ـ يوسف يسأل التفتيش

و لما جاء الرسول إلى يوسف و قال له : إن الملك يدعوك! ما رضي يوسف أن يخرج من السجن هكذا

সাধারণ তরজমা, 'বার্তাবাহক যখন ইউসুফের কাছে এলেন এবং বললেন, বাদশাহ আপনাকে ডাকছেন তখন তিনি এভাবে কারাগার থেকে বের হতে রাজী হলেন না।
সুন্দর তরজমা, 'রাজদূত এসে যখন বাদশাহর আমন্ত্রণ জানালো তখন ইউসুফ এভাবে কলঙ্কের দাগ নিয়ে বের হতে রাজী হলেন না।
(এখানে তুলনামূলক কম শব্দে আগের কথাগুলো যেমন এসেছে তেমনি একটি নতুন কথা যুক্ত হয়েছে।)
الرسول এর মূলরূপ হলো رسول الملك সেটা ভেবে 'রাজদূত' তরজমা করা হয়েছে।

ولكن يوسف لم يسرع، ولكن يوسف لم يستعجل ...

আগে এ বিষয়ে আলোচনা হয়েছে। নতুন আরেকটি তরজমা এই হতে পারে, 'কিন্তু ইউসুফ (আ.) তাড়াহুড়া করলেন না এবং কোন ব্যস্ততা দেখালেন না, বরং ধীর-শান্তভাবে রাজদূতকে বললেন, আমি আমার মামলার তদন্ত চাই।'
(শেষের দু'টি বাক্যকে এক করে তরজমা করা হয়েছে। এরকম তরজমাও হতে পারে, 'কিন্তু ইউসুফ আ. কোন তাড়াহুড়া বা ব্যস্ততা না দেখিয়ে ধীর-শান্তভাবে ...')

١٦ ـ على خزائن الأرض

প্রথম দু'টি বাক্যকে আমরা সংক্ষিপ্ত করে ফেলি তারপর তরজমা করি–

وكان يوسف يعلم أن الأمانة قليلة في الناس و أن الخيانة كثيرة

সাধারণ তরজমা, ইউসুফ আ. জানতেন, মানুষের মধ্যে আমানতদারি কম, খেয়ানত বেশী। (বাংলা শব্দ ব্যবহার করে বলা যায়, সততা কম, দুর্নীতি বেশী)
في الناس এর সুন্দর তরজমা হতে পারে, সমাজে (বা সমাজের সর্বস্তরে)

পুরো বাক্যটির সুন্দর তরজমা এমন হতে পারে, 'ইউসুফ আ. জানতেন, সমাজে সততার বড় অভাব, আর দুর্নীতির খুব ছড়াছড়ি।' (কিংবা 'সমাজে একদিকে সততার অভাব, অন্যদিকে দুর্নীতির ছাড়াছড়ি)

فتأكل كلابهم و لا يجد الناس ما يأكلون

সুন্দর তরজমা, 'তাই তাদের কুকুর খেতে পায়, কিন্তু সাধারণ মানুষ পায় না ক্ষুধার অন্ন। ('খাবার পায় না', এর চেয়ে 'পায় না ক্ষুধার অন্ন' কথাটা অধিক আবেদনপূর্ণ)

و تلبس بيوتهم و لا يجد الناس ما يلبسون

'বাড়ীঘর (বস্ত্র/পোশাক) পরিধান করে' এমন ব্যবহার বাংলায় নেই, তাই এ তরজমা গ্রহণযোগ্য নয়।

সুন্দর তরজমা হলো, আর তাদের ঘরে দামী পর্দা ঝোলে, কিন্তু সাধারণ মানুষ পায় না আবরু রক্ষার একটুকরো কাপড়। (পরিধানের বস্ত্র পায় না, এর চেয়ে এটি অনেক বেশী আবেদনপূর্ণ।)

١٧ _ جاء إخوة يوسف

و توجه إخوة يوسف إلى يوسف و هم لا يعرفون أنه أخوهم يوسف الذي كان في البئر

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, 'ইউসুফের ভাইয়েরা ইউসুফের অভিমুখী হলো এমন অবস্থায় যে, তারা জানে না যে, তিনিই তাদের ভাই ইউসুফ যিনি কুয়ায় ছিলেন।'

এটি এমন তরজমা যে, যারা মূল আরবীটি দেখেনি তারাও তরজমা দেখে মূল আরবীটি বলে দিতে পারবে। হয়ত لايعرفون এর স্থানে لا يعلمون বলবে। এমন তরজমা গ্রহণযোগ্য নয়।

একটি সুন্দর তরজমা হতে পারে এরকম, 'ইউসুফের ভাইয়েরা ইউসুফের উদ্দেশ্যে রওয়ানা হলো। তাদের অবশ্য জানা ছিলো না যে, ইনিই তাদের সেই কুয়ায় ফেলে দেয়া ভাই ইউসুফ।'

و لكن يوسف لم يقل لهم شيأ و لم يفضحهم

সাধারণ তরজমা, 'কিন্তু ইউসুফ আ. তাদের কিছু বললেন না এবং তাদের লজ্জিত করলেন না।'
সুন্দর তরজমা, 'কিন্তু ইউসুফ আ. কিছু বলে তাদের লজ্জা দিলেন না।'

١٨ ــ بين يوسف و إخوته

لأي شيء لا يتركه، هل هو ولد صغير جدا؟

সাধারণ তরজমা, কী কারণে তিনি তাকে ছাড়েন না (ছাড়তে চান না)? সে কি খুব ছোট ছেলে?
সংক্ষিপ্ত ও সুন্দর তরজমা, 'কেন? সে কি খুব ছোট্ট ছেলে?

قالوا : لا، و لكن كان له أخ اسمه يوسف

সুন্দর তরজমা, 'তা নয়, তবে ঘটনা এই যে, ইউসুফ নামে তার এক ভাই ছিলো।

و ضحك يوسف في نفسه و لكن لم يقل لهم شيأ

সাধারণ তরজমা, 'ইউসুফ মনে মনে হাসলেন, কিন্তু তাদের কিছু বললেন না।'
সুন্দর তরজমা, 'তাদের নির্জলা মিথ্যা শুনে ইউসুফ মনে মনে হাসলেন, কিন্তু মুখে কিছু বললেন না।' (তরজমার প্রথম অংশটুকু বাস্তব অবস্থা থেকে গ্রহণ করা হয়েছে। এতে তাদের আচরণের প্রতি ঘৃণা প্রকাশ পেয়েছে এবং সেটার প্রয়োজন রয়েছে।)

و أمر يوسف بمالهم فوضع في متاعهم

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, 'আর ইউসুফ তাদের মাল/অর্থ সম্পর্কে আদেশ দিলেন, আর তা তাদের সামানে রেখে দেয়া হলো।'

সুন্দর তরজমা, 'আর ইউসুফের আদেশে তাদের মাল তাদের সামানের ভিতরে রেখে দেয়া হলো।'

١٩ ـ بين يعقوب و أبنائه

و طلبوا من يعقوب بنيامين و قالوا : إنا له لحفظون

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, তারা ইয়াকুবের কাছে বিনয়ামীনকে চাইলো, আর বললো, অবশ্যই আমরা তাকে রক্ষা করবো।'

সুন্দর তরজমা, ইয়াকুবের কাছে তারা বিনয়ামীনকে তাদের সঙ্গে দেয়ার দাবী জানালো, আর তাকে আশ্বাস দিয়ে বললো, আমরা যথাসাধ্য তার হিফাযত করবো।

'যথাসাধ্য' শব্দটি এসেছে তাকীদের অর্থ প্রকাশ করার জন্য। إنا له لحفظون তাদের একথা বলার উদ্দেশ্য ছিলো বাবাকে আশ্বস্ত করা। তো উদ্দেশ্যের দিকে লক্ষ্য করে আশ্বাস দেয়ার কথাটি তরজমায় যোগ করা হয়েছে।

و وجدوا مالهم في متاعهم فقالوا لأبيهم

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, আর তারা তাদের সামানের মধ্যে তাদের মাল পেয়ে গেলো, তখন তারা তাদের আব্বাকে বললো।

সুন্দর তরজমা হলো, 'এদিকে সামান খুলে তারা তাদের মাল পেয়ে গেলো। তখন তারা উচ্ছ্বসিত হয়ে পিতা ইয়াকূবকে বললো।'

إن العزيز رجل كريم، قد رد مالنا و لم يأخذ منا ثمنا

সাধারণ তরজমা, নিঃসন্দেহে আযীয মহৎ লোক। তাই আমাদের মাল ফিরিয়ে দিয়েছেন, আমাদের থেকে মূল্য নেননি।

সুন্দর তরজমা, দেখুন আব্বা, আযীয কত মহৎ ব্যক্তি! খাদ্যের মূল্য না নিয়ে আমাদের মাল ফিরিয়ে দিয়েছেন।

٢٠ ــ بنيامين عند يوسف

ودخل الإخوة من أبواب متفرقة كما أمرهم أبوهم و وصلوا إلى يوسف

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, 'ভাইয়েরা বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ করলো, যেমন তাদের আব্বা তাদের আদেশ করেছিলেন। তারপর তারা ইউসুফের কাছে পৌঁছলো।'
সুন্দর তরজমা, 'পিতার আদেশ অনুযায়ী ভাইয়েরা বিভিন্ন দরজা দিয়ে শহরে প্রবেশ করলো এবং ইউসুফের কাছে উপস্থিত হলো।'
من أبواب متفرقة এর আকেটি তরজমা হতে পারে, 'বিভিন্ন পথে'। 'শহরে' শব্দটি যোগ করা দ্বারা কথাটি পূর্ণাঙ্গতা লাভ করেছে। শুধু প্রবেশ করলো বললে কথাটা অসম্পূর্ণ মনে হয়।

و لقي يوسف بنيامين بعد زمن طويل، فذكر أمه و أباه، و ذكر بيته، و ذكر صغره

সাধারণ তরজমা, 'ইউসুফ দীর্ঘ দিন পর বিনয়ামীনের দেখা পেলেন, তখন তার আম্মা-আব্বাকে স্মরণ করলেন এবং বাড়ীর কথা স্মরণ করলেন এবং নিজের শৈশবের কথা স্মরণ করলেন। ('স্মরণ করলেন' কথাটি তিনবার পুনরুক্ত হয়েছে যা শ্রুতিকটু)
সুন্দর তরজমা, *'অনেক দিন পর বিনয়ামীনকে কাছে পেয়ে ইউসুফের মা-বাবার কথা এবং বাড়ীঘরের কথা মনে পড়লো, আর মনে পড়লো নিজের শৈশবের কথা।'*

كان عند يوسف إناء ثمين، و كان يشرب فيه

সাধারণ তরজমা, 'ইউসুফের কাছে একটি মূল্যবান পাত্র ছিলো। তাতে করে তিনি পান করতেন।'
সুন্দর তরজমা, 'ইউসুফের পানি পান করার একটি মূল্যবান পাত্র ছিলো।'
আরো সুন্দর তরজমা, 'ইউসুফের একটি মূল্যবান পানপাত্র ছিলো।'

٢١ ـ إلى يعقوب

وتحير الإخوة كيف يرجعون إلى أبيهم، و فكر الإخوة ماذا يقولون لأبيهم

সাধারণ তরজমা, 'ভাইয়েরা দিশেহারা হলো যে, কীভাবে তারা তাদের বাবার কাছে ফিরে যাবে এবং তাকে কী বলবে?'
সুন্দর তরজমা, বিনয়ামীনকে হাতছাড়া করে ভাইয়েরা দিশেহারা হয়ে পড়লো। তারা ভেবে পেলো না যে, কোন মুখে বাবার কাছে ফিরে যাবে এবং কী কৈফিয়ত দেবে?

إن الله لا يجمع عليه مصيبتين، إن الله لا يفجعه في ابنين، إن الله لا يفجعه في ابنين كيوسف و بنيامين

শব্দানুগ ও তরকীবানুগ তরজমা, 'নিশ্চয় আল্লাহ তাঁর উপর দু'টি বিপদ একত্র করবেন না। নিশ্চয় আল্লাহ তাঁকে দু'টি সন্তানের বিষয়ে কষ্ট দেবেন না। নিশ্চয় আল্লাহ তাঁকে ইউসুফ ও বিনয়ামীনের মত দু'টি সন্তানের বিষয়ে কষ্ট দেবেন না।'
সুন্দর তরজমা, 'আল্লাহ তাকে এত বড় দু'টি বিপদ এসঙ্গে দিতে পারেন না। আল্লাহ তাঁকে একসঙ্গে দুই সন্তানের শোক দিতে পারেন না, তাও আবার ইউসুফ ও বিনয়ামীনের মত সন্তান!

٢٢ ـ يظهر السر

و لامه أبناؤه و قالوا : إنك لا تزال تذكر يوسف حتى تهلك

সাধারণ তরজমা, 'ছেলেরা তাঁকে তিরস্কার করে বললো, আপনি তো শেষ হওয়া পর্যন্ত ইউসুফকে স্মরণ করতেই থাকবেন!'
সুন্দর তরজমা, *'আপনি দেখি ইউসুফকে স্মরণ করে করেই শেষ হয়ে যাবেন!'* কিংবা *'আপনি দেখি ইউসুফের শোকে শোকেই শেষ হয়ে যাবেন!'*

وأرسل يعقوب أبناءه إلى مصر ليبحثوا عن يوسف و بنيامين و يجتهدوا في ذلك

সাধারণ তরজমা, 'ইয়াকূব তার পুত্রদের মিসরে পাঠালেন যেন তারা ইউসুফ ও বিনয়ামীনকে তালাশ করে এবং এ বিষয়ে বেশ চেষ্টা করে।'

সুন্দর তরজমা, '*ইয়াকূব তাঁর পুত্রদের মিসরে পাঠালেন যেন তারা যথাসাধ্য ইউসুফ ও বিনয়ামীনের সন্ধান করে।*' (যেন তারা যে কোন মূল্যে ইউসুফ ও বিনয়ামীনকে খুঁজে বের করে। – এখানে খোঁজার উদ্দেশ্যটি প্রকাশ পেয়েছে, আর 'যে কোন মূল্যে' হচ্ছে اجتهاد এর তরজমা)

ذهب الإخوة إلى مصر مرة ثالثة (তৃতীয়বার গেলো, বা তৃতীয়বারের মত গেলো।)

في يوسف এখানে তরজমা হবে, 'ইউসুফের অন্তরে'।

إلى متى أخفي الأمر عنهم؟

সাধারণ তরজমা, 'বিষয়টি তাদের থেকে আর কত গোপন রাখবো?

সুন্দর তরজমা, এসত্য তাদের কাছ থেকে আর কত দিন লুকিয়ে রাখবো?'

إلى متى أرى حالهم؟

সাধারণ তরজমা, 'তাদের অবস্থা আর কত দেখবো?'

সুন্দর তরজমা, আর কত দিন তাদের এ দুরবস্থা দেখতে থাকবো? ('দুরবস্থা'-এর স্থানে দুর্দশা হতে পারে।)

و إلى متى لا أرى أبي؟

সাধারণ তরজমা, 'আর কত দিন আব্বাকে দেখবো না?'

সুন্দর তরজমা, 'আব্বাকে না দেখেই বা আর কত দিন থাকবো।'

٢٣ ـ يوسف يرسل إلى يعقوب

و اشتاق يوسف إلى لقاء يعقوب، و كيف لا يشتاق إليه و قد طال الفراق؟ و لماذا يصبر الآن و قد ظهر السر؟

সাধারণ তরজমা, 'ইউসুফ আ. ইয়াকূব আ.-এর সাক্ষাতের প্রতি আগ্রহী হলেন, আর কেনই বা আগ্রহী হবেন না, অথচ বিচ্ছেদ দীর্ঘ হয়েছে, আর কেন তিনি এখন ধৈর্য ধারণ করবেন, অথচ ভেদ প্রকাশ পেয়ে গেছে?'
সুন্দর তরজমা, 'ইয়াকূব আ.কে দেখার জন্য ইউসুফ আ. ব্যাকুল হলেন। এত দীর্ঘ বিচ্ছেদের পর ব্যাকুল হওয়াই তো স্বাভাবিক! সব কিছু প্রকাশ হয়ে যাওয়ার পর কেন আর ধৈর্য ধরে থাকবেন?'

و كان يعقوب قد عمي من كثرة البكاء و الحزن

সাধারণ তরজমা, 'শোক ও কান্নার আধিক্যের কারণে ইয়াকূব অন্ধ হয়ে গিয়েছিলেন।'
সুন্দর তরজমা, 'শোকে শোকে ও কান্নায় কান্নায় ইয়াকূব অন্ধ হয়ে গিয়েছিলেন।' (পুনরুক্তি দ্বারা আধিক্যের অর্থ প্রকাশ করা হয়েছে।)
আরেকটি সুন্দর তরজমা হতে পারে, 'শোকে কাতর ইয়াকূব আ. কেঁদে কেঁদে অন্ধ হয়ে গিয়েছিলেন।'

٢٤ _ يعقوب عند يوسف

ولما سار الرجال بقميص يوسف إلى كنعان أحس يعقوب رائحة يوسف

যদি এরূপ তরজমা করা হয়, 'লোকেরা যখন ইউসুফের জামা নিয়ে কান'আনে রওয়ানা হলো তখন ইয়াকূব ইউসুফের ঘ্রাণ অনুভব করে বললেন, আমি তো ইউসুফের ঘ্রাণ পাচ্ছি।' তাহলে তা ঠিক হবে না। কারণ ইউসুফের ঘ্রাণ পাওয়া খুব গুরুত্বপূর্ণ বিষয়, সুতরাং তা স্বতন্ত্রভাবে উপস্থাপন করতে হবে। তাছাড়া ঘ্রাণ অনুভব করা বলা হয় না, ঘ্রাণ পাওয়া বলা হয়।
সুন্দর তরজমা হবে এই, 'কাফেলা যখন ইউসুফের জামা নিয়ে কান'আনের উদ্দেশ্যে যাত্রা করলো তখনই ইয়াকূব ইউসুফের ঘ্রাণ পেলেন, আর বললেন, ...।

সাধারণ তরজমা, 'ইয়াকূব তার পুত্রদের মিসরে পাঠালেন যেন তারা ইউসুফ ও বিনয়ামীনকে তালাশ করে এবং এ বিষয়ে বেশ চেষ্টা করে।'

সুন্দর তরজমা, *'ইয়াকূব তাঁর পুত্রদের মিসরে পাঠালেন যেন তারা যথাসাধ্য ইউসুফ ও বিনয়ামীনের সন্ধান করে।'* (যেন তারা যে কোন মূল্যে ইউসুফ ও বিনয়ামীনকে খুঁজে বের করে। – এখানে খোঁজার উদ্দেশ্যটি প্রকাশ পেয়েছে, আর 'যে কোন মূল্যে' হচ্ছে اجتهاد এর তরজমা)

ذهب الإخوة إلى مصر مرة ثالثة (তৃতীয়বার গেলো, বা তৃতীয়বারের মত গেলো।)

في يوسف এখানে তরজমা হবে, 'ইউসুফের অন্তরে'।

إلى متى أخفي الأمر عنهم؟

সাধারণ তরজমা, 'বিষয়টি তাদের থেকে আর কত গোপন রাখবো?

সুন্দর তরজমা, এসত্য তাদের কাছ থেকে আর কত দিন লুকিয়ে রাখবো?'

إلى متى أرى حالهم؟

সাধারণ তরজমা, 'তাদের অবস্থা আর কত দেখবো?'

সুন্দর তরজমা, আর কত দিন তাদের এ দুরবস্থা দেখতে থাকবো? ('দুরবস্থা'-এর স্থানে দুর্দশা হতে পারে।)

و إلى متى لا أرى أبي؟

সাধারণ তরজমা, 'আর কত দিন আব্বাকে দেখবো না?'

সুন্দর তরজমা, 'আব্বাকে না দেখেই বা আর কত দিন থাকবো।'

٢٣ ـ يوسف يرسل إلى يعقوب

و اشتاق يوسف إلى لقاء يعقوب، و كيف لا يشتاق إليه و قد طال الفراق؟ و لماذا يصبر الآن و قد ظهر السر؟

সাধারণ তরজমা, 'ইউসুফ আ. ইয়াকূব আ.-এর সাক্ষাতের প্রতি আগ্রহী হলেন, আর কেনই বা আগ্রহী হবেন না, অথচ বিচ্ছেদ দীর্ঘ হয়েছে, আর কেন তিনি এখন ধৈর্য ধারণ করবেন, অথচ ভেদ প্রকাশ পেয়ে গেছে?'
সুন্দর তরজমা, 'ইয়াকূব আ.কে দেখার জন্য ইউসুফ আ. ব্যাকুল হলেন। এত দীর্ঘ বিচ্ছেদের পর ব্যাকুল হওয়াই তো স্বাভাবিক! সব কিছু প্রকাশ হয়ে যাওয়ার পর কেন আর ধৈর্য ধরে থাকবেন?'

و كان يعقوب قد عمي من كثرة البكاء و الحزن

সাধারণ তরজমা, 'শোক ও কান্নার আধিক্যের কারণে ইয়াকূব অন্ধ হয়ে গিয়েছিলেন।'
সুন্দর তরজমা, 'শোকে শোকে ও কান্নায় কান্নায় ইয়াকূব অন্ধ হয়ে গিয়েছিলেন।' (পুনরুক্তি দ্বারা আধিক্যের অর্থ প্রকাশ করা হয়েছে।)
আরেকটি সুন্দর তরজমা হতে পারে, 'শোকে কাতর ইয়াকূব আ. কেঁদে কেঁদে অন্ধ হয়ে গিয়েছিলেন।'

٢٤ _ يعقوب عند يوسف

ولما سار الرجال بقميص يوسف إلى كنعان أحس يعقوب رائحة يوسف

যদি এরূপ তরজমা করা হয়, 'লোকেরা যখন ইউসুফের জামা নিয়ে কান'আনে রওয়ানা হলো তখন ইয়াকূব ইউসুফের ঘ্রাণ অনুভব করে বললেন, আমি তো ইউসুফের ঘ্রাণ পাচ্ছি।' তাহলে তা ঠিক হবে না। কারণ ইউসুফের ঘ্রাণ পাওয়া খুব গুরুত্বপূর্ণ বিষয়, সুতরাং তা স্বতন্ত্রভাবে উপস্থাপন করতে হবে। তাছাড়া ঘ্রাণ অনুভব করা বলা হয় না, ঘ্রাণ পাওয়া বলা হয়।
সুন্দর তরজমা হবে এই, 'কাফেলা যখন ইউসুফের জামা নিয়ে কান'আনের উদ্দেশ্যে যাত্রা করলো তখনই ইয়াকূব ইউসুফের ঘ্রাণ পেলেন, আর বললেন, ...।

و لا تسأل عن فرحهما و سرورهما

শাব্দিক তরজমা, 'আর তুমি তাঁদের খুশী ও আনন্দ সম্পর্কে জিজ্ঞাসা করো না।'

এখানে উদ্দেশ্য হচ্ছে আনন্দের আধিক্য প্রকাশ করা। বাংলায় এক্ষেত্রে এ বাক্যটি ব্যবহৃত হয়, 'তখন তাদের খুশী ও আনন্দ দেখে কে!' কিংবা 'তখন তাদের সেকি খুশী ও আনন্দ!

'খুশী ও আনন্দ' এর বিকল্পরূপে 'আনন্দ-উচ্ছ্বাস' বলা যায়।

٢٥ ـ حسن العاقبة

و لم يشغل يوسف هذا الملك العظيم عن الله و لم يغيره


শাব্দিক তরজমা, এই বিরাট রাজত্ব ইউসুফ আ.কে আল্লাহ থেকে উদাসীন করতে পারেনি এবং তাঁকে পরিবর্তন করতে পারেনি।'

সুন্দর তরজমা, এ বিশাল রাজ্য ও রাজত্ব ইউসুফ আ.কে আল্লাহর প্রতি উদাসীন করতে পারেনি এবং পারেনি তাঁর জীবনে কোন পরিবর্তন আনতে। (রাজ্য ও রাজত্ব-এর একত্র ব্যবহার আলাদা একটি সৌন্দর্য সৃষ্টি করেছে। দ্বিতীয় 'পারেনি'কে আগে আনা দ্বারা বক্তব্যে গতি এসেছে, আর জীবন শব্দের রয়েছে নিজস্ব আবেদন।)

و كان يوسف لا يرى الملك كثيرا و لا يعده شيأ كبيرا

শাব্দিক তরজমা, 'ইউসুফ রাজত্বকে বেশী কিছু মনে করতেন না এবং বড় কিছু গণ্য করতেন না।'

সুন্দর তরজমা, 'রাজ্য ও রাজত্বকে ইউসুফ আ. বড় কিছু, বা বেশী কিছু মনে করতেন না।' কিংবা 'ইউসুফ আ.-এর চোখে রাজ্য ও রাজত্বের তেমন কোন মূল্য ছিলো না।'



দারুল কলম
আশরাফাবাদ, ঢাকা-১২১১
হাতিফ : ৯৫১৪৫৬৬,
জাওয়াল: ০১৬৭৫-৪৭৭৯৪৪